# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association


# মডিউল 4
# Google

# 4 -
# e

# গভীরে প্রশিক্ষ


## শেখার উদ্দেশ্য

- প্রশিক্ষনার্থীরা জানেন কিভাবে Google ব্যবহার করে ইন্টারনেটের বিষয়বস্তু অ্যাকসেস করা যায়
- প্রশিক্ষনার্থীরা উপলব্ধ বিষয়বস্তুর ব্যাপ্তি সম্পর্কে অবগত আছেন এবং ইন্টারনেটে প্রাসঙ্গিক বিষয়বস্তু অ্যাক্সেস করার ব্যাপারে উৎসাহিত ও অনুপ্রাণিত বোধ করেন।





**সময় সীমা:**
45-60 মিনিট

## আপনার যে সব জিনিস প্রয়োজন হবে:




কাগজ, কলম ও আঠালো টেপ




স্মার্টফোন হ্যান্ডসেট




ছোট পুরস্কার




Google পোস্টার x 1





শব্দকোষ হ্যান্ডআউট




খরচের পোস্টার




সুরক্ষা সংক্রান্ত পরামর্শ



আইকন কাট-আউট

# Google-এর পরিচয়

## প্রশিক্ষনার্থীদেরকে Google আইকন দেখান এবং ফোনে তা খুঁজে বের করতে বলুনন

**জিজ্ঞাসা করুন** "কেউ কি জানে এটি কি?" "এটি কিসের জন্য?"

## Google Search এর একটি ছোট ব্যাখ্যা দিন

- "Google Search আপনাকে নিজের প্রয়োজন অনুযায়ী তথ্য সন্ধান করতে সাহায্য করে। আপনি Google-কে বলুন আপনি কোন তথ্য খুঁজতে চাইছেন, যেমন, 'বিশ্বের জনসংখ্যা কত?' এবং এটি আপনার কাঙ্খিত তথ্যটি খুঁজে বের করার জন্য ইন্টারনেটে মানুষের দেওয়া সমস্ত তথ্যের মধ্যে সন্ধান করবে"
- "আপনি জায়গা, চাকরী, রন্ধন প্রণালী, সিনেমা, গান, খবর, স্কুল, কলেজ, পরীক্ষা সংক্রান্ত তথ্য ইত্যাদি সম্পর্কে তথ্যাবলী পেতে পারেন"

**মনে রাখবেন:** ইন্টারনেট কিভাবে আপনার প্রশিক্ষনার্থীদের জীবনে সহায়ক হতে পারে তার সাথে, প্রশিক্ষণের আলোচনা ও কার্যক্রমগুলির সংযোগ স্থাপন করুন। এটি প্রশিক্ষণটিকে তাদের জন্য প্রাসঙ্গিক ও আগ্রহজনক করে তুলতে সহায়তা করবে।

## জীবনে এর সুবিধাগুলিকে নিয়ে আসুন!

- Google Search কিভাবে আপনার (প্রশিক্ষক), আপনার বন্ধুদের ও পরিবারের মানুষের কাজে এসেছে সে সংক্রান্ত **আপনার নিজের গল্পটি বলুন**। কিছু উদাহরণ হতে পারে:
- জায়গা, চাকরী, ব্যক্তি, তারকা, রন্ধন প্রণালী, সিনেমা, গান, খবর, স্কুল, কলেজ বা পরীক্ষা সংক্রান্ত তথ্য খোঁজা"
- Google Search কিভাবে ব্যবহার করা হতে পারে সে সংক্রান্ত নির্দিষ্ট উদাহরণগুলি বা গল্পগুলি দিন


## YouTube-কে আপনার প্রশিক্ষনার্থীদের জন্য প্রাসঙ্গিক করে তুলুন

- Google Search কিভাবে তাদের জীবনে সহায়তা করতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন
- **জিজ্ঞাসা করুন** "আপনি নিজের জীবনে সার্চ বা সন্ধানের ব্যবহার সম্পর্কে কি শিখতে পেরেছেন?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন
- **জিজ্ঞাসা করুন** "আপনি কোন জিনিসটি শিখতে সবচেয়ে আগ্রহী এবং সবচেয়ে আনন্দিত বোধ করছেন?"

# কার্যক্রম: Google-এর মৌলিক ব্যবহার


## বাস্তব ব্যবহার!

**ব্যাখ্যা করুন** "আপনি এখন ফোনে Google Search ব্যবহার করে দেখতে চলেছেন!"




## 'কিভাবে Google ব্যবহার করবেন' পোস্টারটি দেখান


- **ব্যাখ্যা করুন** যে "এই পোস্টারটিতে তথ্য সন্ধানের জন্য Google ব্যবহারের ধাপগুলি দেখানো হয়েছে"
- প্রশিক্ষনার্থীদেরকে তাদের শেয়ার করা ফোনগুলিতে একটি সহজ সন্ধানের ধাপগুলি দেখিয়ে দিন"




## Google ট্যাবগুলি দেখিয়ে দিন

('সমস্ত', 'ছবিগুলি', 'ভিডিওগুলি' ও 'মানচিত্রগুলি')

- **ব্যাখ্যা করুন** "আপনি যখন বিভিন্ন ট্যাবে ক্লিক করবেন, Google Search আপনাকে বিভিন্ন ধরণের ফলাফল ও উত্তরগুলি দেখাবে। উদাহরণস্বরূপ, আপনি যদি 'ছবিগুলি' ট্যাবে ক্লিক করেন, তবে আপনি সন্ধান করার সময় শুধু ছবিগুলিই দেখতে পাবেন"
- প্রশিক্ষনার্থীদেরকে ফোনের বিভিন্ন ট্যাবে ক্লিক করতে এবং তারা সন্ধান করার সময় বিভিন্ন ধরণের কি কি ফলাফল দেখতে পাচ্ছেন তা বলতে **বলুন**"




## 'সমস্ত' ট্যাবের জন্য ফলাফল পেজটি দেখান

('সমস্ত', 'ছবিগুলি', 'ভিডিওগুলি' ও 'মানচিত্রগুলি')


- প্রশিক্ষনার্থীরা যা দেখছেন তা **ব্যাখ্যা করুন:**

"Googleআপনার সন্ধান করা শব্দটির সাথে সম্পর্কিত প্রচুর বিভিন্ন ওয়েবসাইটের একটি তালিকা দেবে

- **নীল** টেক্সটটি হল প্রতিটি ওয়েবসাইটের লিঙ্ক, আপনি যদি এর উপর ক্লিক করেন তা আপনাকে ওয়েবসাইটটিতে নিয়ে যাবে
- **সবুজ** টেক্সটটি হল প্রতিটি ওয়েবসাইটের 'অ্যাড্রেস' - যা হল ইন্টারনেটে এর অবস্থান
- **কালো** টেক্সটটি হল ঐ ওয়েবসাইটের একটি বর্ণনা বা সারমর্ম"

**জিজ্ঞাসা করুন** "আপনি এখানে যা দেখতে পাচ্ছেন তা নিয়ে কি আপনার কোন প্রশ্ন আছে?"

# কার্যক্রম: Google-এর মৌলিক ব্যবহার



## Google-এর জন্য মাইক্রোফোনটি ধরে থাকুন

- **ব্যাখ্যা করুন** "মাইক্রোফোনটি ব্যবহার করা যেতে পারে, যাতে আপনাকে কোন টেক্সট টাইপ করতে না হয়। আপনি যখন সন্ধান করতে চাওয়া শব্দগুলি বানান করতে বা লিখতে পারেন না, সেক্ষেত্রে আপনার সন্ধান করতে চাওয়া শব্দগুলি শুধু Google-কে বলুন।"
- **তা কোথায় খুঁজতে হবে দেখান:** মাইক্রোফোন আইকনটি সার্চ বক্সের ডান দিকে দেখা যায়"
- **তা কিভাবে ব্যবহার করতে হবে দেখান:** "মাইক্রোফোন আইকনটিতে চাপ দিন এবং সশব্দে, স্পষ্টভাবে ও ধীরে বলুন"
- আপনার প্রশিক্ষনার্থীদেরকে মাইক্রোফোন ব্যবহার করে একজন জনপ্রিয় তারকার নাম সন্ধান করতে **বলুন**

---

**প্রশিক্ষনার্থীদেরকে নীচের সন্ধানকারী শব্দগুলি ব্যবহার করে তথ্য সন্ধানের অনুশীলন করতে বলুন:**

1. সার্চ বক্সে একজন তারকার নাম টাইপ করুন এবং তার সম্পর্কে সন্ধান করুন
2. সার্চ বক্সে একটি স্থানীয় বিখ্যাত স্থানের নাম সার্চ করুন এবং এর সম্পর্কে সন্ধান করুন
3. প্রশিক্ষনার্থীদেরকে সার্চ বক্সে টাইপ করার জন্য 1টি শব্দ দিন যা তাদের ক্ষেত্রে প্রাসঙ্গিক (যেমন, 'বাইসাইকেল', 'দোকান', 'রান্নার প্রণালী', 'চাকরী', 'চাষাবাদ') এবং তাদেরকে ফলাফলগুলি খতিয়ে দেখতে সহায়তা করুন

---

WIKIPEDIA
The Free Encyclopedia

**Wikipedia** একটি ওয়েবসাইট যা আপনি Google Search করার সময় প্রায়ই সবার উপরে দেখতে পান, এটি একটি বিশাল ব্যাপ্তির বিষয়বস্তুর উপর তথ্য প্রদান করে থাকে। Wikipedia ব্যবহারকারী ব্যক্তিরাই তা লিখে থাকেন এবং প্রতি ঘন্টায় হাজার হাজার পরিবর্তন করা হয়ে থাকে। এতে যে তথ্যাবলী দেয়া হয় তা উপযোগী হলেও আপনাকে অবশ্যই এই তথ্যের মূল্যায়ন করতে হবে, কারণ আপনি জানেন না যে এর লেখক কে।

# কার্যক্রম: একাধিক শব্দ সন্ধান

**ব্যাখ্যা করুন** "আমরা এখন আরো সন্ধানকারী শব্দ ব্যবহার করে আরো বিশদে একটি সন্ধান করার চেষ্টা করব - আপনার কাঙ্খিত তথ্য খুঁজে বের করতে এটি সহায়ক হতে পারে"

প্রশিক্ষনার্থীদেরকে Google Search বক্সে 2-3টি শব্দ একসাথে বিভিন্ন ভাবে দিয়ে তথ্য সন্ধান করার অনুশীলন করতে **বলুন**।তারা মাইক্রোফোন ব্যবহার করে বা টেক্সটটি টাইপ করে তা করতে পারেন। প্রশিক্ষনার্থীদেরকে একসাথে ব্যবহার করার জন্য বিভিন্ন শব্দ দিন, যার উপর ভিত্তি করে তারা এর আগে সন্ধান করেছিল।

**পরামর্শ:** বিভিন্ন ফলাফল ও বিভিন্ন শব্দের সম্মিলনগুলি খতিয়ে দেখার জন্য আপনার প্রশিক্ষনার্থীদেরকে প্রচুর সময় দিন

# কার্যক্রম: ব্যক্তিগত সন্ধানগুলি

Google Search কিভাবে তাদের জীবনে সহায়তা করতে পারে তা নিয়ে প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**।

- **জিজ্ঞাসা করুন** "এখন আপনি জানেন Google Search কিভাবে ব্যবহার করতে হবে, আপনি নিজের জীবনে এটিকে কিভাবে ব্যবহার করতে চান?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু ধারণা দিন
- আপনার প্রশিক্ষনার্থীদের আগ্রহ অনুযায়ী, তারা সন্ধানের জন্য কোন কোন শব্দগুলি ব্যবহার করতে পারে তা নিয়ে **আলোচনা করুন** (সন্ধানের শব্দগুলিকে সহজ রাখার চেষ্টা করুন এবং মাত্র একটি থেকে দুটি শব্দ ব্যবহার করুন)
- প্রত্যেক প্রশিক্ষনার্থীকে পালাক্রমে ফোন ব্যবহার করে তাদের আগ্রহের তথ্য সন্ধান করতে এবং বাকি প্রশিক্ষনার্থীদেরকে এই ব্যাপারে তাদেরকে সহায়তা করতে **বলুন**
- **জিজ্ঞাসা করুন** "আপনি এরপর কোন কোন তথ্য সন্ধান করতে চান?"

**পরামর্শ:** "ইন্টারনেটে বিশাল পরিমাণে দারুণ সব তথ্য রয়েছে, তবে এছাড়াও এমন কিছু তথ্য আছে যা ততটা ভাল নয় এবং কিছু তথ্য আছে যা সত্য নয়। আপনি যা খুঁজছেন তার সেরা উত্তরটি পাওয়ার জন্য সবসময় দুই থেকে তিনটি ফলাফল দেখলে সবচেয়ে ভাল হয়"

# সুরক্ষা

**জিজ্ঞাসা করুন** "আপনার কাছে সুরক্ষার মানে কি?"

**প্রশিক্ষনার্থীদের কল্পনা করতে বলুন** তারা একটি বাজারের **মতো কোনো সাধারণ সর্বজনীন স্থানে আছেন।** তাদেরকে এটি নিয়ে আলোচনা করতে বলুন এই জায়গাতে নিরাপদ থাকার জন্য তারা কী করতে চাইবেন। তাদেরকে নীচের প্রশ্ন ও উত্তরগুলি পড়ে শোনান:

| পড়ে শোনান | সম্ভাব্য উত্তরগুলি |
|---|---|
| আপনার অপরিচিত কোন ব্যক্তি আপনাকে বিরক্ত করলে আপনি কি করবেন | আপনি তাদের এড়িয়ে চলবেন বা উপেক্ষা করবেন সতর্ক থাকুন - তারা যা বলে সবসময় তারা তা নাও হতে পারে |
| আপনার পরিচিত বা বিশ্বস্ত নয় এমন কেউ আপনার ব্যক্তিগত তথ্য চাইলে আপনি কি করবেন? | যাকে আপনি চেনেন না বা ভরসা করেন না এমন কাউকে আপনার ব্যক্তিগত তথ্য দেবেন না, কারণ তারা সেগুলির অপব্যবহার করতে পারে |
| আপনার দেখা বা সম্মুখীন হওয়া কোন কিছু নিয়ে আপনি অনিশ্চিত বা অস্বচ্ছন্দ হলে কি করবেন? | আপনার চেনাজানা ও বিশ্বস্ত কাউকে বলুন কি ঘটেছে |
| আপনি যাদের সাথে পারস্পরিক ভাববিনিময় করেন, তাদের সাথে আপনি কি রকম ব্যবহার করেন | আপনি লোকেদের সাথে ভদ্রতার সাথে ও সম্মান দিয়ে আচরণ করেন |

**ব্যাখ্যা করুন** "এটি মনে রাখা জরুরি যে ইন্টারনেট একটি সর্বজনীন স্থান এবং এটিকে একটি সর্বজনীন স্থান হিসেবে বিবেচনা করা ও নিরাপদে থাকা গুরুত্বপূর্ণ।"


# সুরক্ষা




## প্রশিক্ষনার্থীদেরকে 'সুরক্ষা সংক্রান্ত পরামর্শগুলি' সংক্রান্ত পুস্তিকাটি দিন।

- ইন্টারনেট ব্যবহার করার ক্ষেত্রে এই সহায়ক তথ্যগুলির মানে কি হতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**
- আপনার প্রশিক্ষনার্থীদের কাছে প্রাসঙ্গিক হবে এরকম উদাহরণগুলি ব্যবহার করে এই সহায়ক তথ্যগুলিকে **জীবনের সাথে সম্পর্কিত করুন**। উদাহরণস্বরূপ, হয়রানি কিভাবে প্রতিরোধ করা যায় তা নিয়ে মেয়েরা বেশি চিন্তিত হতে পারে

## Google সুরক্ষা



- **জিজ্ঞাসা করুন** "Google ব্যবহার করার সময় এমন কিছু আছে কি, যা আপনাকে চিন্তায় ফেলে?"
- **জিজ্ঞসা করুন** যে "আপনি Google-এর তথ্যগুলি দেখার সময় যদি এরকম কিছু দেখেন বা খোলেন যা খারাপ বা আপত্তিকর, সেক্ষেত্রে আপনি কি করতে পারেন?"
- প্রশিক্ষনার্থীদের কাছে **ব্যাখ্যা করুন** ও বর্ণনা করুন যে "আপনি ব্যাক বটনটি চাপতে পারেন, আপনার সার্চ বক্সের শব্দগুলি মুছে দিতে পারেন এবং ভিন্ন শব্দ ব্যবহার করে আপনার সন্ধানকে সংশোধন করতে পারেন"
- **ব্যাখ্যা করুন** "আপনি Google Search ব্যবহার করার সময় একটি 'সার্চ হিস্ট্রি' বা সন্ধানের ইতিহাস তৈরি করবেন; যা Google আপনার ফোনে মনে রেখে দেবে। আপনি সার্চ বক্সে ক্লিক করার সময় আপনার সন্ধানের ইতিহাসের কিছুটা অংশ দেখতে পাবেন। এই সন্ধানের ইতিহাস মোছা যেতে পারে"


**পরামর্শ:** "আপনি যা সন্ধান করবেন তার নিয়ন্ত্রণ আপনার হাতেই রয়েছে, আপনি ভাল জিনিসও সন্ধান করতে পারেন বা আপনি খারাপ জিনিসও সন্ধান করতে পারেন। ভাল জিনিসগুলি সন্ধান করা আপনার দায়িত্ব"

# $ খরচ

**আপনি যদি WhatsApp ও YouTube মডিউলগুলিতে ইতোমধ্যে খরচের ব্যাপারটি দেখে নিয়ে থাকেন, তাহলে এটিকে শুধুমাত্র একটি পুনরাবৃত্তি হিসেবে বিবেচনা করুন**

**ব্যাখ্যা করুন** "এখন যেহেতু আপনি Google ব্যবহার করতে এবং এটি কেন ব্যবহৃত হয় তা জানেন, এবার চলুন এটি ব্যবহার করতে কি রকম খরচ হতে পারে তা নিয়ে কথা বলা যাক! আপনার মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য, আপনাকে আপনার মোবাইল নেটওয়ার্ক সেবা প্রদানকারীর কাছ থেকে ডেটা কিনতে হবে, ঠিক যেভাবে আপনি ফোন ক্রেডিট কেনেন"।

---




## 'খরচ' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন পরিমাণ ডেটা ব্যবহৃত হয়। টেক্সট দেখলে সবচেয়ে কম ডেটা ব্যবহৃত হয়, ছবি দেখলে তার চেয়ে বেশি, গান চালালে বা ডাউনলোড করলে তার চেয়ে সামান্য বেশি এবং ভিডিও চালালে সবচেয়ে বেশি ডেটা খরচ হয়।
- **ব্যাখ্যা করুন** "কিছু ইন্টারনেট সেবায় এমন কিছু কার্যক্রম জড়িত থাকে যেখানে বেশি ডেটা ব্যবহার হয়"
- **জিজ্ঞাসা করুন** "পোস্টারের কোথায় Google রয়েছে? এর জন্য কি রকম খরচ হতে পারে, তার মানে কি?
- **জিজ্ঞাসা করুন** "কিসের জন্য এতে বেশি খরচ হয়? **উত্তর** "ভিডিওগুলি"
- **জিজ্ঞাসা করুন** যে, "কিসের জন্য এতে কম খরচ হয়? **উত্তর** "টেক্সট"


# $ খরচ

## ডেটা যাচাই করা

- **জিজ্ঞাস করুন** "আপনি কত পরিমাণ ডেটা ব্যবহার করেছেন তা যাচাই করলে সহায়ক হয় কেন?"
- **উত্তর:** "আপনি কতটা ডেটা ব্যবহার করেছেন এবং বিভিন্ন কার্যক্রমে কতটা খরচ হয় তা বোঝা যায়"
- **ব্যাখ্যা করুন** "আপনার কতটা ডেটা বাকি আছে তা আপনি যাচাই করতে পারেন, যেভাবে আপনার মোবাইল নেটওয়ার্ক থেকে আপনার ফোনে একটি কোড টাইপ করে আপনার আর কত মিনিট বা কত টেক্সট বাকি রয়েছে তা যাচাই করেন"
- **ব্যাখ্যা করুন** "আপনি কি রকম ভাবে ইন্টারনেট ব্যবহার করবেন তার উপর নির্ভর করে বিভিন্ন পরিমাণে ডেটা কিনতে পারেন। আপনার ক্ষেত্রে কোন পরিমাণটি সবচেয়ে উপযুক্ত হবে সে ব্যাপারে আপনার স্থানীয় মোবাইল এজেন্টের পরামর্শ নিন।
- **ব্যাখ্যা করুন** "আপনি যদি একটি Wi-Fi অঞ্চলে ইন্টারনেটে প্রবেশ করেন, তাহলে আপনার ডেটা প্যাকেজটি ব্যবহার হবে না। আপনার স্থানীয় মোবাইল এজেন্ট আপনাকে স্থানীয় Wi-Fi অঞ্চলগুলি খুঁজে বের করতে সহায়তা করতে পারেন। তবে সবচেয়ে কাছের অঞ্চলটিও আপনার যাওয়ার পক্ষে অনেকটা দূর হতে পারে।
- কিভাবে ডেটা যাচাই করতে হবে তা প্রশিক্ষনার্থীদের **প্রদর্শন করুন**

**পরামর্শ:** ডেটা খতিয়ে দেখার প্রক্রিয়াটি এর উপর নির্ভর করে যে, আপনি কোন দেশে আছেন এবং কোন নেটওয়ার্কে ফোনটি চালু রয়েছে। আপনার ডেটা খতিয়ে দেখা নিয়ে সহায়তার প্রয়োজন হলে একজন মোবাইল এজেন্টকে তা বলুন।

# পুনরাবৃত্তি



## Google আইকন গেমটি খেলুন

- একবারে একটি করে, প্রতিটি Google আইকন **ধরে রাখুন**
- **জিজ্ঞাসা করুন** "ফোনে এটি কোথায় রয়েছে এবং এটি কি?"
- প্রশিক্ষনার্থীদের সহায়তার প্রয়োজন হলে প্রতিটি আইকন কি তা **ব্যাখ্যা করুন।**
- প্রশিক্ষনার্থীদের **জিজ্ঞাসা করুন** তাদের প্রিয় তারকার বয়স কত
- সঠিক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে সেগুলি কি ছিল তা প্রশিক্ষনার্থীরা পরে

# পুনরাবৃত্তি

**ব্যাখ্যা করুন:** Google এর মতো অন্য সেবা আছে যেগুলি মানুষকে সন্ধান করার অনুমতি দেয়। এর কয়েকটি উদাহরণ হল Yahoo ও Bing।

**পরামর্শ:** "ইন্টারনেটের অ্যাপ্লিকেশন ও সেবাগুলি একই ধরণের আইকন ও শব্দগুলি ব্যবহার করে থাকে। ইন্টারনেট ব্যবহার করার সময় এই আইকনগুলির দিকে নজর রাখুন, যাতে এর পরের বার যখন আপনি সেগুলি দেখবেন, তখন সেগুলির মানে আপনি মনে রাখতে পারেন।"

---

## Google Search এর বিষয়ে পুনরাবৃত্তি

আপনার প্রশিক্ষনার্থীরা Google Search ব্যবহার করা সম্পর্কে কী শিখেছেন সেই বিষয়ে তাদের সঙ্গে আলোচনা করুন

- "আপনি Google Search ব্যবহার করা সম্পর্কে কী শিখেছেন?"
- "আপনার কি Google Search ব্যবহার করা সম্পর্কে এখনও উদ্বেগ আছে?"
- "আপনি কী কী ব্যক্তিগত কাজে এটিকে ব্যবহার করতে পারেন?" "আপনি কী কী পেশাদার কাজে এটিকে ব্যবহার করতে পারেন?"
- আপনি নিজের জীবনে কিসের জন্য Google Search ব্যবহার করতে চান? আপনি এটি ব্যবহার করার ব্যাপারে কি নিয়ে সবচেয়ে আগ্রহ ও উৎসাহ বোধ করেন?"

**পরামর্শ:** পুনরাবৃত্তিটিকে একটি কুইজ হিসেবে পরিচালনা করুন এবং শিক্ষার্থীদের খেলার জন্য পুরস্কার দিন (যেমন, চকলেট)।

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীরা যদি নিজের ফোনে ইন্টারনেট ও Google অ্যাক্সেস করতে চান, তাহলে তারা যা শিখেছেন তা অনুশীলন করার জন্য তাদেরকে কিছু সময় দিন এবং সহায়তা ও উৎসাহ দিন।

# পুনরাবৃত্তি

## পরের পর্যায়ে যাওয়া

আপনি যদি সেশনের শেষে পৌঁছে গিয়ে থাকেন এবং আপনার অতিরিক্ত সময় থাকে:


- **জিজ্ঞাসা করুন** "আমরা এই সেশনে যা শিখেছি সে সম্পর্কে আপনার কি আর কোন প্রশ্ন আছে?"
- **জিজ্ঞাসা করুন** "মোবাইল ইন্টারনেট সম্পর্কে তারা আর কি কি জানতে চান?"

প্রশিক্ষনার্থীদের সাথে আরো কিছু উন্নত বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করতে পারেন, যার মধ্যে রয়েছে:

- **ফলাফলের মূল্যায়ন করা:** "সন্ধানের ফলাফল পাতায় কোন লিঙ্কটি নির্বাচন করতে হবে সেই সিদ্ধান্ত আপনি কীভাবে নেবেন?" "আপনি কীভাবে জানবেন যে একটি পছন্দ অন্যটির চেয়ে ভাল?"
- **বিজ্ঞাপন সনাক্ত করা:** "Google এর কোন ফলাফলগুলি মূল্য প্রদত্ত বিজ্ঞাপন তা আপনি কীভাবে সনাক্ত করতে পারেন?", "বিজ্ঞাপনকে আপনার প্রয়োজনোপযোগী করে তোলার জন্য Google কীভাবে আপনার সন্ধানের ইতিহাসকে ব্যবহার করে?"
- **Google Maps:** আপনি কীভাবে পথনির্দেশ ব্যবহার করেন?" "বাকিংহাম প্যালেস কোথায়?"
- অ্যাপ স্টোর থেকে **অ্যাপগুলি ডাউনলোড করা** (আপনাকে ইমেল নিয়েও আলোচনা করতে হবে, কারণ অ্যাপ ডাউনলোড করার জন্য ই-মেল থাকতে হবে)

# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র





আইকন কাট-আউট - Google

কিভাবে ব্যবহার করতে হয়

# Google

